দৈনিক ইত্তেফাক

H2

তারিখ 05 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৮

169 169

# এসএসসি পরীক্ষায় পূর্বের সকল পদ্ধতি বহাল

১৯৯৩ সালের এসএসসি পরীক্ষা ১৯৯২ সালের অনুরূপ পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে। গতকাল বুধবার বাসস জানায়, নৈর্ব্যক্তিক প্রশ্ন আছে এমন যেকোন বিষয়ে মোট ৩৩ নম্বর পাইলে এসএসসি পরীক্ষার্থীদের উত্তীর্ণ বলিয়া ঘোষণা করা হইবে। নৈর্ব্যক্তিক অথবা রচনা ধরনের প্রশ্নের যেকোনটিতে মোট ৩৩ নম্বর পাইলেই তাহাকে সেই বিশেষ বিষয়ে পাস বলিয়া ধরা হইবে। উপরন্তু নৈর্ব্যক্তিক ধরনের প্রশ্নসমূহ ৫০০ নম্বরের প্রশ্ন ব্যাংক হইতেই করা হইবে। সরকার আশা প্রকাশ করিয়াছে যে, এই সিদ্ধান্ত এসএসসি পরীক্ষার্থীদের উদ্বেগ দূর করিবে এবং তাহারা পড়াশুনায় নিজেদের নিয়োজিত করিবে।